গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা
www.probashi.gov.bd

**বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আরিফুল হক চৌধুরী, এমপি এবং মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ নুরুল হক, এমপি-এঁর উপস্থিতিতে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. নেয়ামত উল্যা ভূঁইয়া<br>সিনিয়র সচিব<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| তারিখ | : | ১৯ ফেব্রুয়ারি, ২০২৬ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |

০১। সভার শুরুতে সিনিয়র সচিব মহোদয়ের নেতৃত্বে কর্মকর্তাগণ মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রী কে এ মন্ত্রণালয়ের দায়িত্ব গ্রহণের জন্য অভিনন্দন জানান। সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর, বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী, সময় ও ফোকাল পয়েন্ট |
|---|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রী উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং সকলের সঙ্গে পরিচিত হন। মাননীয় মন্ত্রী বলেন, সরকারের নির্বাচনী ইশতেহার ২০২৬ এবং জন আকাঙ্ক্ষা ধারণ করে ৫ মাস মেয়াদী একটি অগ্রাধিকার ভিত্তিক পরিকল্পনা প্রস্তুত করতে হবে এবং ৫ মাস পরে গৃহীত পরিকল্পনার দৃশ্যমান অগ্রগতি নিশ্চিত করতে হবে। এছাড়া, বর্তমানে চলমান প্রকল্প/ কার্যক্রমসমূহ নির্বাচনী ইশতেহারের সাথে সমন্বয় করে বাস্তবায়ন করতে হবে। এ মন্ত্রণালয়ের আওতাধীন শ্রম কল্যাণ উইংসমূহ কর্তৃক গত ০৫ বছরে সম্পাদিত কার্যক্রমের তালিকা প্রস্তুত করতে হবে। শ্রম কল্যাণ উইংসমূহের দৈনন্দিন সেবা প্রদান কার্যক্রমের বিষয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করা প্রয়োজন। রিক্রুটিং এজেন্সির কার্যক্রমের বিষয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করতে হবে। প্রবাসীদের অধিকার ও সেবা বিষয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করা দরকার। বন্ধ শ্রম বাজারসমূহ (মালয়েশিয়া, সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন ও ওমান) খোলার বিষয়ে গৃহীত পদক্ষেপের বিষয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করতে হবে। কি কারনে বন্ধ হয়েছিল এবং খোলার জন্য কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা প্রতিবেদনে উল্লেখ করতে হবে। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ন্যায় চট্টগ্রাম ও সিলেট বিমানবন্দরে প্রবাসী কল্যাণ লাউঞ্জ এবং ওয়েটিং | ক) নির্বাচনী ইশতেহার ২০২৬ এবং জন আকাঙ্খা সামনে রেখে ৫ মাস মেয়াদী একটি অগ্রাধিকার ভিত্তিক কর্ম পরিকল্পনা প্রস্তুত করতে হবে এবং ৫ মাস পরে গৃহীত পরিকল্পনার দৃশ্যমান অগ্রগতি নিশ্চিত করতে হবে।<br>খ) বর্তমানে চলমান প্রকল্প/ কার্যক্রমসমূহ নির্বাচনী ইশতেহারের সাথে সমন্বয় করে বাস্তবায়ন করতে হবে। | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ |
| | | গ) এ মন্ত্রণালয়ের আওতাধীন শ্রম কল্যাণ উইংসমূহ কর্তৃক গত ০৫ বছরে সম্পাদিত কার্যক্রমের তালিকা প্রস্তুত করতে হবে।<br>ঘ) শ্রম কল্যাণ উইংসমূহের দৈনন্দিন সেবা প্রদান কার্যক্রমের বিষয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করতে হবে।<br>ঙ) প্রবাসীদের অধিকার ও সেবাসমূহের বিষয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করতে হবে।<br>চ) শ্রম কল্যাণ উইং এর সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br>ছ) বৈধ পথে রেমিট্যান্স আনায়নের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মিশন ও কল্যাণ অনুবিভাগ |
| | | জ) রিক্রুটিং এজেন্সির কার্যক্রমের বিষয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করতে হবে। | মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী, সময় ও ফোকাল পয়েন্ট |
|---|---|---|---|
| | লাউঞ্জ স্থাপন করতে হবে।<br><br>মাননীয় প্রতিমন্ত্রী বলেন, বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে শ্রম কল্যাণ উইং এর সংখ্যা বৃদ্ধি করতে হবে। অভিবাসন ব্যয় কমানোর জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে। বৈধ পথে রেমিট্যান্স আনায়নের<br>লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করতে হবে। মন্ত্রণালয় কর্তৃক সম্পাদিত কার্যক্রমের বিষয়ে সোস্যাল মিডিয়ায় নিয়মিত আপডেট দিতে হবে।<br><br>প্রবাসী কল্যাণ ব্যাংকের সেবা কার্যক্রম আরো নাগরিক বান্ধব ও যুগোপযোগী করার জন্য সিনিয়র সচিব মহোদয় ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংকের দৃষ্টি আকর্ষণ করেন। | ঝ) বন্ধ শ্রম বাজারসমূহ (মালয়েশিয়া, সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন ও ওমান) খোলার বিষয়ে গৃহীত পদক্ষেপের বিষয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করতে হবে। কি কারনে বন্ধ হয়েছিল এবং খোলার জন্য কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা প্রতিবেদনে উল্লেখ করতে হবে।<br>ঞ) অভিবাসন ব্যয় কমানোর জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে। | কর্মসংস্থান অনুবিভাগ |
| | | ট) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ন্যায় চট্টগ্রাম ও সিলেট বিমানবন্দরে প্রবাসী কল্যাণ লাউঞ্জ এবং ওয়েটিং লাউঞ্জ স্থাপন করতে হবে। | (ক) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |
| | | ঠ) মন্ত্রণালয় কর্তৃক সম্পাদিত কার্যক্রমের বিষয়ে সোস্যাল মিডিয়ায় নিয়মিত আপডেট দিতে হবে। | (ক) জনসংযোগ কর্মকর্তা<br>(খ) প্রোগ্রামার |
| | | ড) প্রবাসী কল্যাণ ব্যাংকের সেবা কার্যক্রম আরো নাগরিক বান্ধব ও যুগোপযোগী করার নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রবাসী কল্যাণ ব্যাংক |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. নেয়ামত উল্যা ভূঁইয়া)
সিনিয়র সচিব

নং-৪৯.০০.০০০০.০১৫.৩৩.০৪৬.২৪. ৩৭

তারিখ: ২৬ ফেব্রুয়ারি, ২০২৬।

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়;
২. মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা;
৩. মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা , ঢাকা;
৪. ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা , ঢাকা;
৫. ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, ঢাকা;
৬. যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৭. জনসংযোগ কর্মকর্তা, মাননীয় মন্ত্রীর দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৮. প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় জ্ঞাতার্থে);
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় জ্ঞাতার্থে);
৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে);
৪. অফিস কপি।